উইলিয়ানের নতুন ঠিকানা আর্সেনাল

ব্রাজিলিয়ান উইঙ্গার উইলিয়ান চেলসির সঙ্গে সম্পর্কের ইতি টানার পর এবার আর্সেনালে পাড়ি জমালেন। শুক্রবার এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে গানাররা।

ব্লুস’দের সঙ্গে চুক্তির মেয়াদ শেষে গত রবিবার স্টামফোর্ড ব্রিজ ছাড়ার বিষয়টি নিশ্চিত করেন উইলিয়ান। তবে এখনই লন্ডন ছাড়ছেন না তিনি। কারণ ৩ বছরের চুক্তিতে একই শহরের আরেক ক্লাব আর্সেনালে গেছেন ৩২ বছর বয়সী তারকা।

উইলিয়ানকে দলে ভিড়িয়ে উচ্ছ্বসিত আর্সেনাল কোচ মাইকেল আর্তেতা বলেন, ‘গত কয়েক মাস ধরে আমরা তাকে (উইলিয়ান) নজরে রেখেছিলাম। অ্যাটাকিং মিডফিল্ডার এবং উইঙ্গার পজিশনে শক্তি বৃদ্ধির পরিকল্পনা করেছি।

উইলিয়ান এমন একজন যে খেলোয়াড় যে দুই ভূমিকাতেই দারুণ, এমনকি সে তিন কিংবা চার পজিশনে খেলার সামর্থ্য রাখে। আমার মতে সে এমন এক খেলোয়াড় যে পার্থক্য গড়ে দিতে সক্ষম।’

সূত্র- বিডি প্রতিদিন

তামিম-মুশফিকরা মাঠে নামছেন ২৪ অক্টোবর

করোনাভাইরাসের মহামারীর কারণে দীর্ঘ বিরতি শেষে আগামী ২৪ আক্টোবরে আন্তর্জাতিক ক্রিকেটে ফিরছে বাংলাদেশ। শ্রীলংকা সফরে ওইদিন প্রথমবারের মতো মাঠে নামবেন তামিম-মুশফিকরা।

গত জুলাইয়ে শ্রীলংকা সফরে যাওয়ার কথা থাকলেও করোনার কারণে আর যাওয়া হয়নি।

বুধবার মিরপুর শেরে-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে এক সভা শেষে বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আকরাম খান গণমাধ্যমকে জানান, শ্রীলংকা সফরে যাওয়ার সম্ভাব্য একটি সময় নির্ধারণ করা হয়েছে। সেপ্টেম্বরের মাঝামাঝিতে দেশে ক্যাম্প করব। ১০-১২ দিন অনুশীলন শেষে আমরা শ্রীলংকা যাব। সেখানে প্রায় ২০-২৫ দিন আমরা একসঙ্গে অনুশীলন করব। ২৪ অক্টোবরের আমাদের খেলা রয়েছে।

এ সময় সেপ্টেম্বরের শুরুতে কোচদের দেশে ফিরিয়ে আনার চেষ্টা করা হবে বলেও জানান আকরাম খান।

গত ১১ মার্চ দেশের মাটিতে সবশেষ জিম্বাবুয়ের বিপক্ষে আন্তর্জাতিক ম্যাচ খেলে বাংলাদেশ। ওই টি-টোয়েন্টির পর থেকেই করোনার প্রকোপ শুরু হয়। তারপর থেকেই আন্তর্জাতিক ক্রিকেটের বাইরে রয়েছেন টাইগাররা।

বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আকরাম খান বলেন, আমরা কয়েক দফায় করোনা টেস্ট করার চিন্তা করছি। আমরা দুই-তিনবার করোনা টেস্ট করাব। এটা নিয়ে আমাদের আরও পরিকল্পনা আছে। পরে জানিয়ে দেব।
সূত্র- যুগান্তর

চমক দেখিয়ে চ্যাম্পিয়নস লিগের সেমিতে পিএসজি

চমক দেখিয়ে চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনালে উঠল ফরাসি ক্লাব প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি)।

পর্তুগালের লিসবনে এক লেগের কোয়ার্টার ফাইনালে ২-১ গোলে আটালান্টাকে হারিয়ে ইতিহাস গড়ল পিএসজি।

অথচ খেলার শেষ মিনিট আগেও সমর্থকরা ধরেই নিয়েছিল সেমির টিকিট কাটতে যাচ্ছে আটালান্টা।

কিন্তু আটালান্টার সেই স্বপ্ন নিমিষেই গুঁড়িয়ে দেন মার্কিনিয়োস।

নির্ধারিত সময়ের শেষ মিনিটে গোল করে পিএসজিকে সমতায় ফেরান তিনি।

খেলা গড়ায় অতিরিক্ত সময়ে। আর সেই সময়ে পিএসজির ভাগ্য খুলে দেন এরিক মাক্সিম চুপো-মোটিং।

এরিক মাক্সিমের গোলে ১৯৯৫ সালের পর দ্বিতীয়বারের মতো লিগের সেমিতে উঠলেন ফরাসিরা।

বুধবার রাতে ২৬তম মিনিটে আটালান্টার মিডফিল্ডার মারিও পাসালিচ লিড এনে দেন।

এর দুই মিনিট পর ২০ গজ দূর থেকে জোরালো শট নেন পিএসজি তারকা নেইমার। অল্পের জন্য লক্ষ্যভ্রষ্ট হয় তার শট।

প্রথমার্ধে সমতায় ফিরতে পারেননি ফরাসিরা।

১-০ তে এগিয়ে থেকে বিরতিতে যায় দুদল। দ্বিতীয়ার্ধে নেমে গোল পরিশোধে মরিয়া হয়ে ওঠে পিএসজি। বেশ কয়েকটি সুযোগ নষ্ট করেন নেইমাররা।

বদলি হিসেবে নামা এমবাপ্পে ৭৩তম মিনিটে একটি প্রচেষ্টা গোলরক্ষকের পায়ে লেগে ভেস্তে যায়। ৮০তম মিনিটে শট নিতে দেরি করে আরেকটি সুবর্ণ সুযোগ হারান তিনি।

১-০ তেই খেলা শেষ হতে যাচ্ছিল। পিএসজি সমর্থকরা হয়তো ম্যাচ থেকে মুখ ফিরিয়ে নিচ্ছিলেন। শেষ চারে ওঠার স্বপ্ন দেখছিলেন আটালান্টার সমর্থকরা।

কিন্তু শেষ মুহূর্তে সব সমীকরণ পাল্টে দেন মার্কিনিয়োস। ৯০তম মিনিটে চুপো-মোটিংয়ের ক্রস থেকে ডি-বক্সে বল পেয়ে যান তিনি। এর পর বল জালে পাঠাতে কোনো ভুল হয়নি ব্রাজিলিয়ান ডিফেন্ডারের।

প্রাণ ফিরে পান পিএসজি সমর্থকরা। আর অতিরিক্ত সময়ের শেষ তিন মিনিটের ভেলকিতে স্বপ্ন ভঙ্গ হয় আটালান্টার।

তৃতীয় মিনিটে গোল করে ইতিহাস নিজের করে নেন চুপো-মোটিং। সূত্র- যুগান্তর

আইপিএলে সুযোগ পাননি, হতাশায় তরুণ ক্রিকেটারের আত্মহত্যা

আশা ছিল আইপিএলে ডাক পাবেন। অন্তত নেট বোলার হিসেবেও তাকে ডাকা হবে বলে ভেবেছিলেন। কিন্তু আইপিএলের দিন এগিয়ে এলেও কোনও দলে তার জায়গা হয়নি। ক্রমশ হতাশা গ্রাস করে তরুণ ক্রিকেটারকে। তারপরেই চূড়ান্ত পরিণতি। মুম্বাইয়ের অ্যাপার্টমেন্ট থেকে ঝুলন্ত দেহ উদ্ধার হয় তরুণ ক্রিকেটার করণ তিওয়ারির।

প্রাথমিকভাবে পুলিশ মনে করছে অবসাদগ্রস্ত হয়েই আত্মহত্যা করেছেন করণ। তবে এখন পর্যন্ত কোনও সুইসাইড নোট উদ্ধার হয়নি। ২৭ বছর বয়সী ডানহাতি পেসার করণ ঘনিষ্ঠমহলে ভীষণ জনপ্রিয় ছিলেন। মুম্বাই ইন্ডিয়ান্সের নেটে ধারাবাহিকভাবে বোলিং করতেন তিনি।

পুলিশ সূত্রে জানা গেছে, মুম্বাইয়ের মালাড অঞ্চলের কুরার এলাকায় মা ও ভাইয়ের সঙ্গে থাকতেন করণ। তবে কয়েকদিন আগেই রাজস্থানে এক বন্ধুকে ফোন করে আইপিএলে সুযোগ না পাওয়া নিয়ে নিজের হতাশার কথা জানিয়েছিলেন।

এরপরেই অবস্থা খারাপ দেখে রাজস্থানে করণের বোনকে গোটা ঘটনাটি জানায় সেই বন্ধু। সেখান থেকেই জানতে পারেন করণের মা। কিন্তু তখন সব শেষ।

গত সোমবার (১০ আগস্ট) রাত সাড়ে দশটায় নিজের ঘরে গিয়ে দরজা বন্ধ করে দেন করণ। এরপর তার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। জানা গেছে, বেশ কয়েক বছর ধরেই ভাল দলে সুযোগ খুঁজছিলেন করণ। কিন্তু মুম্বাইয়ের হয়ে পেশাদার ক্রিকেটে খেলার সুযোগ মেলেনি তার। ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সূত্র- বিডি-প্রতিদিন

২৩ আগস্ট শুরু অনূর্ধ্ব-১৯ দলের স্কিল ক্যাম্প

দীর্ঘদিন পর ফের শুরু হচ্ছে ক্রিকেটার অনুশীলন। আগামী ২৩ আগস্ট বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানে (বিকেএসপি) ক্যাম্প শুরু হয়ে চলবে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। তার আগে ১৫-১৯ আগস্ট ক্রিকেটাররা করোনা পরীক্ষা দেয়ার পর ফিটনেস অনুশীলন পর্বে অংশ নেবেন।

চার সপ্তাহের আবাসিক স্কিল ক্যাম্পে অংশ নেবেন অনূর্ধ্ব-১৯ প্রাথমিক দলের ৪৫ জন ক্রিকেটার। ক্যাম্পে থাকার সময় যুবারা আটটি প্রস্তুতি ম্যাচ খেলবেন।

ক্যাম্পে ডাক পাওয়া ক্রিকেটাররা হলেন- মুশফিক হাসান, আরিফ আহমেদ, আহসান হাবিব, অনিক সাকি, অনিক সরকার, সোহাগ আলী, মিজবাহ আহমেদ, আবদুল্লাহ আল মামুন (রংপুর), ফাহিম হাবিব মোরশেদ, ইমন আলী, গোলাম কিবরিয়া, মেহরাব হোসেন (রাজশাহী), বায়েজিদ মিয়া (রোমান)। শাহরিয়ার আলম মাহিন, মো. আশরাফুল হাসান, ফারদিন খান, মো. জিল্লুর রহমান, মইনুল হাসান (চট্টগ্রাম), মুস্তাকিম মিয়া, হৃদয় দেব (সিলেট), আশিকুর রহমান আশিক, হাবিবুর রহমান মুন্না, সিয়াম আল সাকিব (খুলনা), হাসিব হাওলাদার, ইফতেখার হোসেন ইফতি (বরিশাল)।

মহিউদ্দিন তারেক, আশরাফুল ইসলাম সিয়াম, মফিজুল ইসলাম, প্রান্তিক নওরোজ নাবিল, আবু বক্কর আহমেদ, জাকারিয়া ইসলাম শান্ত, আরাফাত ইসলাম, রিহাদ খান, সাকিব শাহরিয়ার, শাওন কাজী সুমন, শাহরিয়ার সাকিব (বিকেএসপি), হাবিবুর রহমান, নাঈমুর রহমান, মাহফুজুর রহমান, আইচ মোল্লা, সাগর আহমেদ, মাকসুদুর রহমান, লিমন হোসেন (ঢাকা মেট্রো) এবং সানজিদুর রহমান (ঢাকা দক্ষিণ) ও খালেদ হাসান (ঢাকা উত্তর)। সূত্র- যুগান্তর

ফেব্রুয়ারিতে নিউজিল্যান্ড সফরে যাবে বাংলাদেশ ক্রিকেট দল

করোনাভাইরাসের কারণে বাংলাদেশ চলতি বছরে বাংলাদেশ ক্রিকেট দলের পাঁচটি সিরিজ স্থগিত হয়ে গিয়েছে। তবে, আগামী বছরের ফেব্রুয়ারিতে নিউজিল্যান্ডের সঙ্গে সিরিজ খেলতে দেশটি সফরে যাবে বাংলাদেশ দল।

বর্তমান ফিউচার ট্যুর প্রোগ্রাম (এফটিপি) অনুযায়ী, আগামী বছরের ফেব্রুয়ারি-মার্চে ওয়ানডে ও টি-টুয়েন্টি সিরিজ খেলতে নিউজিল্যান্ড সফরে যাওয়ার কথা বাংলাদেশ দলের।

এ ব্যাপারে নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাহী ডেভিড হোয়াইট জানিয়েছেন, আমাদের পরিস্থিতির অভাবনীয় উন্নতি হচ্ছে। আশা করছি আমারা নির্ধারিত সিরিজগুলো খেলতে পারব।
ডেভিড হোয়াইট বলেন, ‘আমি উইন্ডিজ ক্রিকেট বোর্ডের সঙ্গে যোগাযোগ করেছি, তারা সফরে আসার ব্যাপারে নিশ্চিত করেছে। একইভাবে পাকিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশও। আমাদের ৩৭ দিনের আন্তর্জাতিক সূচি অপেক্ষা করছে।’

উল্লেখ্য, করোনা মহামারিতে সবচেয়ে কম ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে একটি নিউজিল্যান্ড। যেখানে করোনায় মৃতের সংখ্যা ২২।

সূত্র- বিডি প্রতিদিন

আন্তর্জাতিক ক্যারিয়ারে সাকিবের ১৪ বছর

সোমবার নিজের অফিশিয়াল ফেসবুক পেজে একটি ভিডিও পোস্ট করে সাকিব লেখেন- দেখতে দেখতে কেটে গেছে অনেকগুলো দিন। বিগত ১৪ বছরের প্রত্যেকটি দিনই আমার কাছে রোমাঞ্চকর একেকটি অভিজ্ঞতা। এমন দুর্দান্ত এক পথচলাই আমাকে দাঁড় করিয়েছে আজকের জায়গায়।

জাতীয় দলের সাবেক এই অধিনায়ক আরও লেখেন- আপনাদের সবার অকুণ্ঠ সমর্থন আর ভালোবাসাই আমাকে জুগিয়েছে পথ চলার অনুপ্রেরণা। ক্যারিয়ারের ১৪তম বছর পূর্ণ করার দারুণ এই মুহূর্তে আমি ধন্যবাদ জানাতে চাই আপনাদের সবাইকে। আগামী দিনগুলোতে এগিয়ে যেতে চাই নতুন উদ্যমের সঙ্গে।

জুয়াড়িদের কাছ থেকে ফিক্সিংয়ের প্রস্তাব পাওয়ার পর আইসিসিকে না জানানোর অপরাধে এক বছর সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ হন সাকিব। আগামী ২৯ অক্টোবর নিষেধাজ্ঞা উঠে যাবে সাকিবের।

ক্রিকেটে নিষিদ্ধ হওয়ার আগে গত বছর সেপ্টেম্বরে আফগানিস্তানের বিপক্ষে সর্বশেষ আন্তর্জাতিক ম্যাচ খেলেছিলেন সাকিব। এরপর বাংলাদেশ দল ভারত সফরে যাওয়ার আগে নিষিদ্ধ হন এই অলরাউন্ডার। বর্তমানে স্ত্রী ও দুই কন্যার সঙ্গে যুক্তরাষ্ট্রে রয়েছেন সাকিব। আগামী মাসে তার অনুশীলনে ফেরার কথা রয়েছে।

২০০৬ সালের আগস্টে জিম্বাবুয়ের বিপক্ষে হারারেতে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় সাকিব আল হাসানের। এরপর থেকে জাতীয় দলের হয়ে গত ১৪ বছরে ৫৬টি টেস্ট, ২০৬টি ওয়ানডে আর ৭৬টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন সাকিব।

ব্যাট হাতে ১৪টি সেঞ্চুরির সাহায্যে ১১ হাজার ৭৫২ রান সংগ্রহের পাশাপাশি বল হাতে ৩৩৮ ম্যাচে এ বাঁহাতি স্পিনার শিকার করেন ৫৬২ উইকেট। সূত্র-যুগান্তর

সড়ক দুর্ঘটনায় আহত ক্রিকেটার নাঈমের মৃত্যু

টানা ১২ দিন বাঁচার জন্য লড়াই করে অবশেষে না ফেরার দেশে চলে গেলেন ক্রিকেটার এমদাদ হোসেন নাঈম। কেরানীগঞ্জের বাসায় চিকিৎসাধীন অব্স্থায় শনিবার রাতে মারা যান তিনি। মোটরসাইকেল দুর্ঘটনায় মাথায় গুরুতর আঘাত পেয়েছিলেন ২৫ বছর বয়সী এই অলরাউন্ডার।

কেরানীগঞ্জ মডেল থাকার ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) কাজী মাইনুল ইসলাম বিষয়টি নিশ্চত করে বলেন, ‘গত ২৬ জুলাই রোহিতপুর এলাকায় মোটরসাইকেল দুর্ঘটনায় মাথায় আঘাত পান নাঈম। সেখান থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাসায় পাঠানো হয় তাকে। বাসায় চিকিৎসাধীন থাকা অবস্থায়ই শনিবার রাতে তিনি মারা যান।’

নাঈমের বাবা মো. রব মিয়া জানান, মাথায় আঘাত পাওয়ার কারণে তার ছেলের মৃত্যু হয়েছে। শনিবার রাত ১০টায় তার নিজ এলাকায় ধর্মশুর পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়।
ঢাকার ক্লাব ক্রিকেটে মোটামুটি পরিচিত মুখ ছিলেন নাঈম। তিনি ঢাকা ওয়ান্ডারার্স ক্লাবে অলরাউন্ডার হিসেবে খেলতেন।

সূত্র- বিডি প্রতিদিন

পেরুতে মাঠে দর্শক ঢোকায় লিগই বাতিল

করোনাভাইরাসের কারণে বিশ্ব এক অস্বাভাবিক সময় পার করছে। সেই করোনা সংক্রমণের শুরু থেকে প্রায় সব ধরনের প্রতিযোগিতামূলক খেলাধুলা বন্ধ রয়েছে।

তবে, এখন কোথাও কোথাও নানা রকম শর্ত সাপেক্ষে প্রতিযোগিতামূলক খেলাধুলার অনুমতি দিচ্ছে। তবে, সম্প্রতি মাঠে দর্শক প্রবেশ করায় একটি লিগই বাতিল করার সিদ্ধান্ত নিয়েয়ে ল্যাটিন আমেরিকার দেশ পেরু।

কারণ, নিষেধাজ্ঞা অমান্য করে দর্শকরা মাঠে প্রবেশ করেন। তাই স্বাস্থ্য ঝুঁকির কথা মাথায় রেখে লিগই বন্ধ ঘোষণা করেছে পেরু ফুটবল ফেডারেশন।
প্রসঙ্গত, করোনাভাইরাস প্রাদুর্ভাবের কারণে গেল ৫ মাস ধরে বন্ধ ছিল পেরুর ঘরোয়া ফুটবল লিগ। ক্লাবগুলোর অনুরোধে লিগ শুরুর সিদ্ধান্ত নেয় ফেডারেশন। তবে, শর্ত ছিল দর্শকহীন মাঠেই হবে খেলা।

উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হয় ইউনিভার্সিটারিও এবং অ্যাকাডেমিক কনতোলাও। এদিন ছিল ইউনিভার্সিটারিওর ৯৬তম প্রতিষ্ঠাবার্ষিকী। এমন দিনে সমর্থকদের আর আটকানো যায়নি।

নিষেধাজ্ঞা না মেনেই মাঠে হাজির হন কয়েকশো দর্শক। সমর্থকদের এমন আচরণে খেপেছে ফেডারেশন। নির্দেশ না মানায় শুরু হওয়ার একদিনেই মাথায় লিগ বাতিল করে দেয় দেশটির ফুটবলের অভিভাবক সংস্থাটি।

সূত্র- বিডি প্রতিদিন

নাপোলিকে বড় ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে বার্সা

নাপোলিকে বড় ব্যবধানে হারিয়ে শেষ ষোলো থেকেই বিদায় করে দিল বার্সেলোনা। নিজেদের মাঠে ইউরোপীয় প্রতিযোগিতামূলক ম্যাচে প্রথম বারের মতো নাপোলিকে আমন্ত্রণ জানিয়েছিল বার্সেলোনা। আর বার্সার কোয়ার্টার ফাইনালে যাওয়া নিশ্চিত হওয়ার রাতে মাঠে দুর্দান্ত সময় কাটিয়েছেন মেসি।

রবিবার (৯ আগস্ট) ক্যাম্প ন্যুয়ে চ্যাম্পিয়নস লিগের শেষ ষোলোর দ্বিতীয় লেগের ম্যাচে নাপোলিকে প্রথম ধাক্কা দেন ল্যাঙ্গলেট। খেলার ১০ম মিনিটে ইভান রাকিতিচের কর্নার কিক থেকে প্রতিপক্ষের বক্সের ভেতরে অরক্ষিত থাকা বার্সা ডিফেন্ডার এর দারুণ ফায়দা লুটে নেন। নাপোলির ওসপিনা ডাইভ দিয়েও ঠেকাতে ব্যর্থ হন। চাপে পড়ে যাওয়া নাপোলিকে আরও বিপদে ফেলে লক্ষ্যভেদ করেন মেসি। মূলত সেখান থেকেই মেসি জাদুর শুরু।

প্রথমার্ধের যোগ করা সময়ের একদম শেষ মুহূর্তে নাপোলির ব্যবধান কমানো গোলটি আসে পেনাল্টি থেকে। নিজেদের ডি-বক্সে নাপোলির মার্টেনকে ফেলে দেন বার্সা মিডফিল্ডার রাকিতিচ। রেফারি সরাসরি পেনাল্টির বাঁশি বাজান। সুযোগ কাজে লাগিয়ে নিচু শটে লক্ষ্যভেদ করেন নাপোলির স্ট্রাইকার ইনসিগনে। ব্যবধান কমানোর স্বস্তি পেতেই দ্বিতীয়ার্ধে রীতিমত আগ্রাসী রূপ ধারণ করে নাপোলি।

গাত্তুসোর শিষ্যরা বার্সার রক্ষণকে রীতিমত চেপে ধরে। বেশ কয়েকবার গোল করার বেশ চলে গিয়েছিল ইতালিয়ান জায়ান্টরা। কিন্তু খাদের কিনারা আর খুঁজে পায়নি। বিশেষ করে টের-স্টেগান রীতিমত দেয়াল হয়ে দাঁড়িয়েছিলেন ইনসিগনেদের সামনে। ফলে দুই লেগে মিলিয়ে ৪-২ গোলে হেরে বিদায় নিল নাপোলি।

চ্যাম্পিয়নস লিগের শেষ আটে তুমুল ফর্মে থাকা বায়ার্ন মিউনিখের মুখোমুখি হবে বার্সা। একই রাতে শেষ ষোলোর ম্যাচে চেলসিকে ৪-১ গোলে এবং দুই লেগ মিলিয়ে ৭-১ গোলে উড়িয়ে দিয়েছে বাভারিয়ানরা। ফলে কঠিন লড়াই অপেক্ষা করছে কিকে সেতিয়েনের শিষ্যদের সামনে।

সূত্র- বিডি প্রতিদিন